# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৯৫

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَن النّعمانِ بن بشيرٍ قَالَ: أَلَسْتُمْ فِي طَعَامٍ وَشَرَابٍ مَا شِئْتُمْ؟ لَقَدْ رَأَيْتُ نَبِيَّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا يَجِدُ مِنَ الدَّقَلِ مَا يَمْلَأُ بَطْنَهُ. رَوَاهُ مُسلم

বাংলা

৪১৯৫-[৩৭] নু’মান ইবনু বাশীর (রাঃ) হতে বর্ণিত। তিনি (মুসলিমদের উদ্দেশে) বলেনঃ তোমরা কি সদিচ্ছাই পানাহার করছ না, অথচ আমি তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এমন অবস্থায় দেখেছি যে, নিম্নমানের খেজুরও এ পরিমাণ তার জুটেনি, যা তাঁর নিজ উদর পূর্ণ করতে পারে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২৯৭৭)-৩৪, সহীহ ইবনু হিব্বান ৬৩৪০, তিরমিযী ২৩৭২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩২৭৫, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ৩৪৩২২, সহীহুল জামি‘ ৮৯৭৫, ইবনু মাজাহ ৪১৪৬, মুসনাদে আবূ ইয়া‘লা ২২৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ২১০৬, সহীহুল জামি‘ ৮৯৭৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَلَسْتُمْ فِىْ طَعَامٍ وَشَرَابٍ مَا شِئْتُمْ؟) ‘‘তোমরা কি তোমাদের ইচ্ছামত খাদ্য ও পানীয় গ্রহণ করছে না? এখানে শ্রোতা হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যুর পর সাহাবীবৃন্দ অথবা তাবি‘ঈনবৃন্দ। ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসের অর্থ হচ্ছে খাবার গ্রহণের ক্ষেত্রে এখন তোমাদের মধ্যে অসচ্ছলতা নেই বরং তোমরা সচ্ছল এবং তোমাদের মর্জি মত যত ইচ্ছা তত গ্রহণ করছ।

(لَقَدْ رَأَيْتُ نَبِيَّكُمْ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا يَجِدُ مِنَ الدَّقَلِ مَا يَمْلَأُ بَطْنَهٗ) ‘‘অবশ্যই আমি তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি এমতাবস্থায় যে, তিনি পেটপুরে খাবার মত নিম্নমানের খেজুর পেতেন না।’’ دَقَلٌ

শব্দের অর্থ নিম্নমানের খেজুর যা পরিপক্ক হওয়ার আগেই শুকিয়ে গেছে (বাংলা ভাষায় একে চিটা বলা হয়)। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ নু’মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74918

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন